



৫৮৭ মিলিয়ন ডলারের জরিমানা: ইউরোপীয় আদালতে অ্যাপলের চ্যালেঞ্জ



সংগৃহীত ছবি

ইউরোপীয় ইউনিয়নের (EU) জারি করা ৫৮৭ মিলিয়ন ডলারের অ্যান্টিট্রাস্ট জরিমানার বিরুদ্ধে আইনি লড়াইয়ে নেমেছে প্রযুক্তি জায়ান্ট অ্যাপল। সোমবার (৭ জুলাই) প্রতিষ্ঠানটি ইউরোপের দ্বিতীয় সর্বোচ্চ আদালতে ইউরোপীয় কমিশনের বিরুদ্ধে আপিল করে।

চলতি বছরের এপ্রিলে ইউরোপীয় কমিশন অ্যাপলকে ৫০০ মিলিয়ন ইউরো (৫৮৭ মিলিয়ন ডলার) জরিমানা করে। অভিযোগ ছিল, অ্যাপল তাদের অ্যাপ স্টোরে এমন কিছু কারিগরি ও বাণিজ্যিক সীমাবদ্ধতা আরোপ করেছে, যার ফলে অ্যাপ ডেভেলপাররা ব্যবহারকারীদের বাইরে সস্তা অফারে নিতে বাধা পাচ্ছে। এতে ডিজিটাল মার্কেটস অ্যাক্ট (DMA) লঙ্ঘনের প্রমাণ পাওয়া গেছে বলে জানায় কমিশন।

অ্যাপল এক বিবৃতিতে জানায়, “আজ আমরা আপিল দায়ের করেছি, কারণ আমরা বিশ্বাস করি কমিশনের সিদ্ধান্ত ও এই অভূতপূর্ব জরিমানা আইনের চেয়ে অনেক দূর এগিয়ে গেছে। এই সিদ্ধান্ত আমাদের স্টোর পরিচালনায় হস্তক্ষেপ করেছে এবং ডেভেলপার ও ব্যবহারকারীদের জন্য বিভ্রান্তিকর শর্ত আরোপ করেছে।”

জরিমানার হুমকির মুখে গত মাসে অ্যাপল অ্যাপ স্টোরের নিয়মকানুনে বড় ধরনের পরিবর্তন আনে, যাতে প্রতিদিনের গড় বৈশ্বিক আয়ের ৫% অর্থাৎ প্রায় ৫০ মিলিয়ন ইউরো জরিমানার ঝুঁকি এড়ানো যায়।

বর্তমানে ইউরোপীয় কমিশন সংশোধিত নিয়মগুলো পর্যবেক্ষণ করছে এবং অ্যাপ ডেভেলপারদের মতামত নিচ্ছে—এই পরিবর্তন যথেষ্ট কি না, সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত দেওয়ার আগে। অ্যাপলের আপিল দায়েরের শেষ দিন ছিল ৭ জুলাই

অ্যাপল বলছে, তারা আদালতে সকল তথ্য উপস্থাপন করবে এবং প্রমাণ করবে যে ইউরোপীয় কমিশনের সিদ্ধান্ত বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।